বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২১০
www.bteb.gov.bd

স্মারক ৫৭.১৭.০০০০.২০৯.৪৪.০০১.২৩-২৬৬ তারিখ: ২৪ জানুয়ারি, ২০২৪ খ্রি.

# অনুমোদনপত্র

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের **বস্ত্রশিল্পে কমপ্লায়েন্স** ইন টেক্সটাইল বিষয়ের উপপরিচালক (সি.এ) এবং বিশেষজ্ঞ (টেক্সটাইল) এর দপ্তর হতে প্রাপ্ত কর্তৃক GIZ এর সহযোগিতায় প্রণীত ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের পঞ্চম পর্বের **বিষয়: বস্ত্রশিল্পে কমপ্লায়েন্স (কোড-২১৪৫২)** এর পাঠ্যপুস্তকটি ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ হতে পরবর্তী ০৩ (তিন) শিক্ষাবর্ষের (২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬) জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে "হক পাবলিকেশনস্" ৩৮, বাংলাবাজার, ঢাকা-১১০০ কে পাঠ্যপুস্তক আকারে মুদ্রণ, প্রকাশ ও বাজারজাতকরণের নিমিত্ত অনুমোদন দেওয়া হলো।

**শর্তসমূহঃ**

০১। পাঠ্যপুস্তকে বাংলা একাডেমীর বানান রীতি অনুসরণ করতে হবে।
০২। পাঠ্যপুস্তকের নির্ধারিত সাইজ ১/৮ ডিসি (ডাবল ক্রাউন)
০৩। কন্টেন্ট এরিয়া ৮.৫" × ৫.৭৫" হবে।
০৪। ফন্ট সাইজ ১৩ পয়েন্ট বাংলা ফন্ট Nikosh অথবা SutonnyMJ যেকোনো একটি ফন্ট ব্যবহার করে টাইপ করতে হবে।
০৫। ছাপার ক্ষেত্রে বিশেষভাবে চিহ্নিত চিত্রসমূহ ৪ রং এর রঙিন ছাপাতে হবে।
০৬। নিজ ব্যবস্থাপনা ও ব্যয়ে মুদ্রণ, প্রকাশ ও বাজারজাতকরণের ব্যবস্থা গ্রহণ করতে।
০৭। বোর্ডের পূর্বানুমোদন ব্যতীত পাঠ্যপুস্তকে কোনো সংযোজন বা বিয়োজন নিষিদ্ধ।
০৮। পাঠ্যপুস্তক মুদ্রণ, প্রকাশ ও বাজারজাতকরণের জন্য নির্বাচিত প্রকাশকের অবশ্যই বোর্ড এর অনুমোদন নিতে হবে।
০৯। পাঠ্যপুস্তকে তত্ত্বগত বা বানানে কোনো ভুল থাকলে তা সংশোধন করা যাবে।
১০। প্রকাশনা প্রতিষ্ঠান বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত পাঠ্যপুস্তকের আকার পরিবর্তন, পৃষ্ঠা বা মূল্যবৃদ্ধি করে বাজারজাত করতে পারবে না।
১১। এই অনুমোদন ০৩ (তিন) শিক্ষাবর্ষের (২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬) জন্য কার্যকর থাকবে। তবে শিক্ষামন্ত্রণালয় বা কর্তৃপক্ষ কর্তৃক জনগুরুত্বপূর্ণ রাষ্ট্রীয় সিদ্ধান্ত গৃহীত হলে অনুমোদনের মেয়াদ হ্রাস/বৃদ্ধি অথবা বাতিল করা হতে পারে।
১২। সংশ্লিষ্ট লেখক বা সম্পাদক বাদে অন্য কোনো লেখক বা সম্পাদকের নাম উল্লেখ বা ব্যবহার করে এ পাঠ্যপুস্তকটি বাজারজাত করা হলে এ অনুমোদন বাতিল করা হবে।
১৩। পাঠ্যপুস্তকটির কাগজের মান: (ক) সাদা মুদ্রণ কাগজ: ওজন-৬১ জিএসএম (কমপক্ষে) ব্রাইটনেস-৮৫%, সেড-সাদা (২% হ্রাস/বৃদ্ধি), সাইজ-ডিসি ২০×৩০ (চার রঙা ছাপা)।
১৪। পাঠ্যপুস্তকটির মূল্য: সাদা মুদ্রণ কাগজে চার রঙা ছাপা: ২০৫ (দুইশত পাঁচ) টাকা।
১৫। মূল্য সংযোজন পূর্বক ১০ (দশ) কপি পাঠ্যপুস্তক অনুমোদনপত্র প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে উপপরিচালক (প্রকাশনা), (৮ম তলা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর দপ্তরে জমা দিতে হবে। পাঠ্যপুস্তক বোর্ডে জমা না দিয়ে কোনোভাবেই বাজারজাত করা যাবে না।
১৬। এ অনুমোদন হস্তান্তরযোগ্য নয় এবং অনুমোদনের পর যেকোনো শর্ত ভঙ্গ করলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এ অনুমোদন বাতিল করতে পারবে।
১৭। চুক্তির শর্ত ভঙ্গ করলে বোর্ড আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করে।
১৮। আগামী ০৩ (তিন) শিক্ষাবর্ষের (২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬) জন্য **বস্ত্রশিল্পে কমপ্লায়েন্স (কোড-২১৪৫২)** এর অনুমোদন ফি প্রতি ক্রেডিট ১২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ) টাকা হারে ২ ক্রেডিট মোট ২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা (ভ্যাট বাদে) এবং পান্ডুলিপির জন্য রয়্যালটি ফি ৬০,০০০/- (ষাট হাজার) টাকা (ভ্যাট বাদে) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডকে সোনালী ব্যাংকের ডিডি/পে-অর্ডার এর মাধ্যমে প্রদান করতে হবে।
১৯। দ্বিতীয় মেয়াদে অনুমোদন নবায়নের প্রয়োজন হলে বোর্ড কর্তৃক শর্ত পুনরায় নির্ধারণ করা হবে।
২০। ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের পঞ্চম পর্বের **বিষয়: বস্ত্রশিল্পে কমপ্লায়েন্স (বিষয় কোড-২১৪৫২)** এর বইটি গাইড আকারে প্রকাশ করা যাবে না।

২৪/০১/২০২৪

(মোঃ মিজানুর রহমান)
সচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৫০০৬৫২২
ইমেইল: sectretary@bteb.gov.bd

প্রাপক
**হক পাবলিকেশনস্**
৩৮, বাংলাবাজার, ঢাকা-১১০০

System Analyst, BTEB
Please take necessary action to upload This notice to BTEB-website.
08.02.24

প্রকৌঃ হরিপদ চন্দ্র পাল
উপ-পরিচালক (প্রকাশনা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭।

স্মারক ৫৭.১৭.০০০০.২০৯.৪৪.০০১.২৩-২৬৬ (১০) তারিখ: ২৪ জানুয়ারি, ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ-১/কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৪-৭. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা/টেক্সটাইল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা।
১০. সংরক্ষণ নথি।

২৪/০১/২০২৪

**(প্রকৌশলী হরিপদ চন্দ্র পাল)**
উপপরিচালক (প্রকাশনা)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৪৮১২১৭০৮, ০১৭১১৩৩৮৩৫১
ইমেইল: ddpublication.bteb@gmail.com